

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৪১২/

তারিখঃ ২৯ জুন ২০১৬


বিজ্ঞপ্তি

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণের (ব্যক্তিগত কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা) "জ্যেষ্ঠতা তালিকা" (Gradation List) হালনাগাদ অতীব প্রয়োজন। ইতোমধ্যে বিভাগীয় পদোন্নতি সম্পন্ন হওয়ায় এবং অনেক কর্মকর্তার অবসরোত্তর ছুটিতে গমন করায় পররাষ্ট্র সচিব মহোদয় কর্তৃক সর্বশেষ স্বাক্ষরিত বিদ্যমান জ্যেষ্ঠতা তালিকা ২০১৩ এর মাধ্যমে প্রশাসনিক ও পদোন্নতি প্রদান সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা ব্যাহত হচ্ছে। নীতি ও সংগঠন শাখায় দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের চাকুরি সংক্রান্ত সংরক্ষিত হালনাগাদ তথ্যাদির ভিত্তিতে এবং জ্যেষ্ঠতা নির্ধারণের প্রচলিত সাধারণ বিধিমালা অনুসারে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণের (ব্যক্তিগত কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা) একটি সমন্বিত জ্যেষ্ঠতা তালিকার প্রস্তুত করা হয়েছে, যা এতদসঙ্গে সন্নিবেশিত করা হলো।

০২। এমতাবস্থায়, উক্ত খসড়া জ্যেষ্ঠতা তালিকা-তে কোন পর্যবেক্ষণ বা মতামত (যেমনঃ কোন তথ্যের ঘাটতি, ভুল বা অন্য কোন সমস্যা পরিলক্ষিত হলে) থাকলে তা যথাযথ প্রমাণকসহ আগামী ২৮ জুলাই ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের নীতি ও সংগঠন শাখায় লিখিতভাবে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগামী ২৮ জুলাই ২০১৬ তারিখের পরে প্রাপ্ত খসড়া জ্যেষ্ঠতা তালিকা সংক্রান্ত কোন ধরনের আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

সংযুক্তিঃ ০৮ (আট) পাতাঃ



(মোহাম্মদ মনিরুজ্জামান)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)
ফোনঃ ৯৫৫৫৩২০

ইমেইলঃ aspando@mofa.gov.bd

বিতরণঃ

- ০১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। পরিচালক (সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সহকারী সচিব (সংস্থাপন-২/এসএসএ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। সকল দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাগণ (ব্যক্তিগত কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা/ বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনসমূহ (অনারারী কনস্যুলেট ব্যতীত)।
- ০৬। সংশ্লিষ্ট নথি।

